তারিখ ..................
পৃষ্ঠা ...... কলাম ......

ভোরের কাগজ

# সিলেট ভেটেরিনারি কলেজে ধর্মঘট শুরু

**সিলেট অফিস** : নতুন প্রবর্তিত প্রমোশন পদ্ধতি বাতিলের দাবিতে সিলেট ভেটেরিনারি কলেজের ছাত্রছাত্রীরা গত বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট শুরু করছে।

ছাত্রছাত্রীদের অভিযোগ, নতুন পদ্ধতিতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের প্রতি সেমিস্টারে কোনো ছাত্র যথাক্রমে ৩,৪,ও ৫ ক্রেডিট করে লস করলে সে অন্তর্বর্তীকালীন পরীক্ষা দিতে পারবে। কিন্তু এর চেয়ে বেশি ক্রেডিট লস করলে অন্তর্বর্তীকালীন পরীক্ষা দেওয়ার পরও যদি ১ ক্রেডিট লস করে তবে সেই সেমিস্টার পুরো বাতিল হয়ে যাবে।

ছাত্রছাত্রীরা এই পদ্ধতিকে সম্পূর্ণ অযৌক্তিক আখ্যায়িত করে তা বাতিলের জন্য গত ১৫ দিন ধরে কর্তৃপক্ষের কাছে দাবি জানিয়ে আসছে। কিন্তু কর্তৃপক্ষ এ ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ না করায় বুধবার ছাত্রছাত্রীরা অধ্যক্ষের কার্যালয়ের সামনে ৩ ঘণ্টা অবস্থান ধর্মঘটসহ সভা ও মিছিল করে। পরে এখান থেকে অনির্দিষ্টকালের জন্য সকল টার্ম পরীক্ষা ও ক্লাস বর্জনের কর্মসূচি ঘোষণা করে।